



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



জরুরি বিজ্ঞপ্তি

নং- ঢাশিবো/বি/৬৪/জেএসসি/এসএসসি রেজি:/৪৭৫

তারিখ : ০৯/০৯/২০২১

বিষয় : ২০২১ সালের ৮ম শ্রেণিতে অধ্যয়নরত বাদ পড়া শিক্ষার্থীদের অনলাইনে নিবন্ধন ও পূর্বে নিবন্ধনকৃত শিক্ষার্থীদের তথ্য সংশোধনকরণ প্রসঙ্গে।

অত্র বোর্ডের আওতাধীন স্বীকৃতিপ্রাপ্ত ও পাঠদানের অনুমতিপ্রাপ্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে জানানো যাচ্ছে যে, ২০২১ সালের ৮ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের নিবন্ধন কার্যক্রম ইতিপূর্বে শেষ হয়েছে। কোভিড-১৯ মহামারির কারণে যে সমস্ত শিক্ষার্থী নিবন্ধনকার্য সম্পন্ন করতে পারেনি বা অন্য কোন কারণে বাদ পড়েছে সেসকল শিক্ষার্থীদের অনলাইনে তথ্য আপলোড, নিবন্ধন এবং পূর্বে নিবন্ধনকৃত শিক্ষার্থীদের তথ্য সংশোধনের সময়সীমা বিলম্ব ফিস ছাড়া আগামী ১০/০৯/২০২১ তারিখ থেকে ২৫/০৯/২০২১ তারিখ পর্যন্ত নির্দেশক্রমে বৃদ্ধি করা হলো।

পরবর্তীতে আর কোন সময় বৃদ্ধি করা হবে না। উক্ত সময়ের মধ্যে নিবন্ধন, সংশোধন ও ফাইনাল সাবমিট সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করতে না পারলে স্ব-স্ব প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

জনপ্রতি নিবন্ধন ও অন্যান্য ফি নিম্নরূপ :

নিবন্ধন ফি (টাকায়)	রেডক্রিসেন্ট ফি (টাকায়)	মোট জরিমানা ছাড়া (টাকায়)
৫০/-	২৪/-	৭৪/-

বিশেষ দৃষ্টব্য: বিগত ০৭/০৩/২০২১ তারিখে উল্লিখিত বিজ্ঞপ্তির অপরাপর শর্ত অপরিবর্তিত থাকবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বা:

প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভূঞা
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা

প্রাপক : অধ্যক্ষ/প্রধান শিক্ষক

এ বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠান

মেমো নং- ৪৭৫(১০)

তারিখ : ০৯/০৯/২০২১

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। উপ-পরিচালক (হি: ও নি:), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
(পত্রটি ওয়েবসাইটে প্রকাশ এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো)
- ৬। উপ-পরিচালক (মাধ্যমিক), সংশ্লিষ্ট অঞ্চল।
- ৭। জেলা শিক্ষা অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল জেলা।
- ৮। উপজেলা নির্বাহী অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
- ৯। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
- ১০। পিএস-টু চেয়ারম্যান (চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১১। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।